দৈনিক বাংলা

তারিখ ...২০।৮।৮১...
পৃষ্ঠা... কলাম...

114

# বিশ্ববিদ্যালয়গুলিতে ছাত্র ও শিক্ষক সংখ্যা বৃদ্ধির হার

(ইত্তেফাক রিপোর্ট)

১৯৭৯ সনের জুলাই মাস হইতে ১৯৮১ সনের এপ্রিল পর্যন্ত ২২ মাসের মধ্যে দেশের ৬টি বিশ্ববিদ্যালয়ে ছাত্রসংখ্যা বৃদ্ধি পাইয়াছে শতকরা ৩২ ভাগেরও বেশী। কিন্তু একই সময়ে শিক্ষকসংখ্যা বৃদ্ধি পাইয়াছে শতকরা প্রায় ১ দশমিক ৭৮ ভাগ।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সূত্রে প্রাপ্ত তথ্যানুযায়ী ১৯৭৯ সনের ৩০শে জুন পর্যন্ত হিসাবে ৬টি বিশ্ববিদ্যালয়ে ছাত্রসংখ্যা ছিল ৩০ হাজার ৬ শত ৯৯। ১৯৮১ সনের এপ্রিল পর্যন্ত উহা বৃদ্ধি পাইয়া দাঁড়াইয়াছে ৪০ হাজার ৬শত ২৯। একই সময়ে শিক্ষক সংখ্যা ২ হাজার ৩ শত ৬৪ হইতে বৃদ্ধি পাইয়া হইয়াছে ২ হাজার ৪ শত ৬। ছাত্র শিক্ষক অনুপাত ১৯৭৯ সনের ৩০শে জুন ছিল ১:১৩ এবং বর্তমানে উহা দাঁড়াইয়াছে ১:১৬ দশমিক ৮৮।